



# ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের টীকা



## শিশুদের মধ্যে কোভিড-১৯ এর ঝুঁকি




অন্টারিওতে, ৫ বছরের কম বয়সী 1,100 জনেরও বেশি শিশু কোভিড-১৯ -এর কারণে হাসপাতালে ভর্তি হয়েছে। টরন্টোতে, ৫ বছরের কম বয়সী 178 জন শিশু কোভিড-১৯ এর কারণে হাসপাতালে ভর্তি হয়েছে, 12 জনকে আইসিইউতে ভর্তি করা হয়েছে এবং এই বয়সের 2 জন শিশু মারা গেছে।

কোভিড-১৯ সংক্রমণে আক্রান্ত শিশুরা এমনকি তাদের উপসর্গ না দেখা দিলেও এটা ছড়াতে পারে।

শিশুদের মধ্যে কোভিড-১৯ সংক্রমণের কারণে বিরল কিন্তু গুরুতর স্বাস্থ্য সমস্যা হতে পারে, যার মধ্যে রয়েছে:

- মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিস (হাটের প্রদাহ)
- মাল্টি-সিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম ইন চিলড্রেন (MIS-C), একটি গুরুতর প্রদাহজনক প্রতিক্রিয়া যা কোভিড-১৯ হওয়ার প্রায় চার সপ্তাহ পরে ঘটে।



শিশুদের মধ্যে "দীর্ঘ কোভিড" নামক একটি অবস্থার বিকাশ ঘটতে পারে, যা তাদের কোভিড-১৯ আক্রান্ত হবার অনেক পরে লক্ষণ দেখা যায়, সেগুলি হলো যেমন



শ্বাসকষ্ট



তীব্র ক্লান্তি



মনোনিবেশ  
করতে অসুবিধা

সূত্র: [Toronto Public Health](https://www.toronto.ca/public-health/)



COUNCIL OF  
AGENCIES SERVING  
SOUTH ASIANS



SOUTH ASIAN  
VACCINE  
ENGAGEMENT  
COLLABORATIVE